The Bangladesh Monitor - A Premier Travel Publication

# বিশ্বের সর্বোচ্চ অট্টালিকার চূড়ায় এমিরেটস বিজ্ঞাপন চিত্রের শুটিং

- A Monitor Desk Report | Date: 10 August, 2021



ভূপৃষ্ঠ থেকে ৮২৮ মিটার উচ্চতায় বিশ্বের সর্বোচ্চ অট্টালিকা বুর্জ খলিফার চূড়ায় এমিরেটস তাদের সর্বশেষ বিজ্ঞাপন চিত্রটি ধারন করে অনন্য এক রেকর্ড স্থাপন করেছে। বিজ্ঞাপন চিত্রটির মূল ভুমিকায় অভিনয় করেছেন ইউনিফর্ম পরিহিত এমিরেটসের একজন কেবিন ক্রু। ইতোপূর্বে অল্প কিছু সংখ্যক সেলিব্রিটি এখানে আরোহনের সুযোগ পেয়েছেন, যার মধ্যে আছেন বিখ্যাত অভিনেতা টম ক্রুজ এবং দুবাইয়ের ক্রাউন প্রিন্স শেখ হামদান বিন মোহাম্মদ বিন রশিদ আল মাকতুম।
৩০সেকেন্ডের এই ভিডিও ক্লিপটি শুটিংয়ের জন্য সর্বোচ্চ নিরাপত্তা ব্যবস্থা গ্রহন করে এমিরেটস। শুটিং টিমটি অট্টালিকা চূড়ায় প্রায় ৫ঘন্টা অবস্থান করে, এবং শুটিংয়ে ব্যবহৃত হয় একটি ড্রোন।

বিজ্ঞাপন চিত্রের শুরুতে দেখা যায় এক জন এমিরেটস কেবিন ক্রু একটি মেসেজ বোর্ড প্রদর্শন করছেন, যা ২০০৩ সালের জনপ্রিয় চলচিত্র ‘লাভ একচুয়ালি’ এর একটি বিখ্যাত দৃশ্যকে মনে করিয়ে দেয়। জুম- আউট করার সাথে সাথে দর্শকদের সামনে ক্রমান্বয়ে ভেসে উঠে ইউনিফর্ম পরিহিত একজন এমিরেটস কেবিন ক্রুর চিত্র, যিনি বুর্জ খলিফায় চূড়ায় একাকি দাঁড়িয়ে আছেন এবং ব্যাকগ্রাউন্ডে দুবাইয়ের মনোরম স্কাইলাইন।
আগ্রহীরা বিজ্ঞাপন চিত্রটি বর্তমানে এমিরেটসের ইউটিউব চ্যানেলসহ বিভিন্ন সোশ্যাল মিডিয়ায় দেখতে পারেন।
এমিরেটসের ইন-হাউজ ব্র্যান্ড টিম বিজ্ঞাপন চিত্রটির পরিকল্পনা ও পরিচালনার দায়িত্ব পালন করে, সহযোগিতা করে দুবাইয়ে অবস্থিত প্রাইম প্রোডাকসন এএমজি।